

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বহিরাগমন-২

নং-৪৪.০০.০০০০.০৩৯.১৯.০০১.১২-৭৪


তারখ : ১৪ জানুয়ারী, ২০১৩

বিষয়ঃ বিদেশী নাগরিকদের নিকট হতে আদায়যোগ্য বিদ্যমান ভিসা ফি এর হার পুনঃনির্ধারণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বিদেশী নাগরিকদের নিকট হতে আদায়কৃত ভিসা ফি'র হার বিভিন্ন দেশ বিভিন্ন প্রেক্ষাপটে নানা সময়ে পরিবর্তন করে থাকে। ভিসা ফি আদায়ের বিষয়টি Reciprocal basis এ নির্ধারণ করা হয়ে থাকে। পররাষ্ট্র মন্ত্রণালয় ও বিভিন্ন দেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস হতে প্রাপ্ত বিভিন্ন দেশের ভিসার ফি'র হার পরিবর্তন সংক্রান্ত প্রতিবেদন এর ভিত্তিতে বিদেশী নাগরিকদের নিকট হতে আদায়যোগ্য ভিসা ফি'র হার সংযুক্ত তালিকা অনুযায়ী পুনঃনির্ধারণ করা হলো।

০২। এমতাবস্থায়, সংযুক্ত তালিকা মোতাবেক বিভিন্ন দেশের নাগরিকদের জন্য প্রযোজ্য ভিসা ফি আদায়ের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে. 


১৪.০১.১৩
(ড. শাহিদা আকতার)
উপসচিব
ফোন-৭১৬৮৬৯২।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ✓ ১। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (দৃঃআঃ মহাপরিচালক, কনসুলার এন্ড ওয়েলফেয়ার)।
(তাকে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য পুনঃনির্ধারিত ভিসা ফি'র তালিকা সংশ্লিষ্ট সকল বাংলাদেশ দূতাবাস/মিশনে প্রেরণ এবং তাঁদের প্রাপ্তি নিশ্চিতকরণের অনুরোধ করা হ'ল)।
- ২। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
- ৩। অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, স্পেশাল ব্রাঞ্চ, রাজারবাগ, ঢাকা।
- ৪। বিদেশস্থ বাংলাদেশ মিশন/দূতাবাস (সকল)।

অনুলিপি সদয় অবগতির জন্য :

- ১। মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মাননীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব (বহিরাগমন ও নিরাপত্তা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

